

বর্তমান সরকার দুর্যোগ মোকাবেলায় শতভাগ সফল।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি বলেছেন,বর্তমান সরকার দুর্যোগ মোকাবেলায় শতভাগ সফল। দেশের বিভিন্ন স্থানে চলমান বন্যা পরিস্থিতি সফলভাবে মোকাবেলা করা হচ্ছে।

আজ বিকেল ৩টায় গোয়াইনঘাট উপজেলা সম্মেলন কক্ষে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা,সাধারণ জনগণ ও আওয়ামী লীগের নেতাকর্মীদের সাথে এক মত বিনিময় সভায় তিনি এ কথা বলেন।

মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী প্রতি নিয়ত বন্যা কবলিত এলাকার খোঁজ খবর এবং ত্রাণ সহায়তায় জনপ্রতিনিধি এবং প্রশাসনকে নিয়োজিত রেখেছেন। সরকারের এ ক্ষেত্রে কোন ত্রুটি নেই। যেখানেই বানভাসী মানুষের খবর পাওয়া যায়, সেখানেই ত্রাণ পৌছে দিচ্ছে সরকার।

ইমরান আহমদ এমপি বলেন, রাজনৈতিক জীবনের শুরু থেকে অদ্যাবধি কোন ধরনের অনৈতিক সুবিধা নেইনি, সততার চাদরে নিজেকে আবৃত রেখে পথ চলে এতদূর এসেছি। যত দিন বাঁচবো ততোদিন সততার চাদরে আবৃত থেকে দেশ সেবা করে যাবো। আমার প্রতি আপনাদের দেয়া মূল্যবান ভোট এবং সরকারের মন্ত্রী হওয়া সবই আপনাদেরই সহযোগিতার ফসল।

আপনাদের ভালোবাসা আমাকে পথ চলতে সহযোগিতা করে উল্লেখ করে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি বলেন,"আমার বিশ্বাস আগামীতে আমি আপনাদের সেবক হয়ে থাকতে পারবো। আমৃত্যু আপনাদের সেবক হয়ে পাশে থাকতে চাই। আপনাদের পাশাপাশি সারাদেশের মানুষের মন জয় করতে চাই"।

গোয়াইনঘাট উপজেলার নির্বাহী কর্মকর্তা বিশ্বজিত কুমার পালের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন গোয়াইনঘাট উপজেলা আওয়ামীলীগের সভাপতি মো. ইব্রাহীম, গোয়াইনঘাট উপজেলা পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) আফিয়া বেগম উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম কিবরিয়া হেলাল, গোয়াইনঘাট সরকারি কলেজের অধ্যক্ষ ফজলুল হক, এ.এস.পি সার্কেল (গোয়াইনঘাট) নজরুল ইসলাম,থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আব্দুল জলিল, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান মাওলানা গোলাম আশ্বিয়া কয়েছ,উপজেলা প্রকল্প বাঁধন কান্দি সরকার, পূর্ব জাফলং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা লুৎফুর রহমান লেবু,

উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মো. আব্দুল হক, ফতেপুর ইউপি চেয়ারম্যান আমিনুর রহমান চৌধুরী, নন্দিরগাঁও ইউপি চেয়ারম্যান এস.কামরুল হাসান আমিরুল প্রমুখ।

এর আগে প্রধান অতিথি উপজেলা শহিদ মিনার চত্তরে ৬দিন ব্যাপী কৃষি বৃক্ষ মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করে বিভিন্ন স্টল ঘুরে দেখেন। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ফারুক হোসেনসহ পদস্থ কর্মকর্তাগণ। এবং গোয়াইনঘাট সরকারি কলেজের রজত জয়ন্তী উপলক্ষে উপজেলা পরিষদ চত্বরে রেজিস্ট্রেশন কার্যক্রমের উদ্বোধন করেন।

